

অতীব জরুরী
ই-মেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০২.০০১.১৯- ৩৩১

তারিখ ০৫ চৈত্র' ১৪২৬
১৯মার্চ '২০২০

বিষয় : নোভেল করোনা ভাইরাস এর সংক্রমণ রোধে সকল কারাগারে নিয়মিত কিছু কার্যক্রম স্থগিতকরণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ প্রসংগে

সম্প্রতি বাংলাদেশে কোভিড-১৯ রোগী সনাক্ত হয়েছে এবং তার বিস্তার ঘটছে। ইতিমধ্যে উক্ত রোগে মৃত্যুর ঘটনাও ঘটেছে। জনঘনত্বের কারণে কারাগারসমূহে করোনা ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ার উচ্চমাত্রার ঝুঁকি বিরাজ করছে। বর্ণিত পরিস্থিতিতে উক্ত প্রাণঘাতী ভাইরাস এর সংক্রমণ রোধে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল কারাগারে নিম্নোক্ত বিষয়গুলি নিশ্চিত করার নির্দেশ দেয়া হলোঃ

১) বন্দিদের শরীর চর্চা সেশন (বন্দি সমাবেশ), মাসিকবন্দি দরবার, সাপ্তাহিক ডেসি প্যারেড, মাসিক কারারক্ষি দরবার, মাসিক প্র্যাকটিস অ্যালার্ম, ত্রৈমাসিক ফায়ারিং প্র্যাকটিস, যেকোন জনবহুল সাংস্কৃতিক অনুষ্ঠান, গণশিক্ষা কার্যক্রম, অপরিহার্য নয় এমন সকল প্রকার দফা/চালি ইত্যাদি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।

২) কারাভ্যন্তরে কর্মকর্তা/কর্মচারী সহ যে কারো প্রবেশের ক্ষেত্রে বুট/জুতা জীবাণুমুক্ত করার নিমিত্তে একটি ট্রে-তে ক্লোরিন মিশ্রিত পানি/ইথানল/স্পিরিট/পটাশিয়াম পারম্যাঞ্জানেট দ্রবণ প্রয়োজনীয় পরিমাণে রেখে তাতে পদার্পণ করে কারাভ্যন্তরে প্রবেশ করতে হবে।

৩) কারাগারগুলিতে সদ্য সরবরাহকৃত স্প্রে মেশিন দ্বারা জীবাণু নাশক তরল যেমন ব্লিচিং পাউডার মিশ্রিত পানি (২০ মি:গ্রা: ব্লিচিং পাউডার এর সাথে ১লিটার পানি মিশ্রিত) স্প্রে করে প্রতিটি কক্ষ দিনে একবার করে জীবাণুমুক্ত করতে হবে।

৪) কারা কর্মকর্তাদের ভ্রমণ করা প্রয়োজন হয় এমন বিভিন্ন প্রকার কমিটির সকল কাজ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো। কর্মকর্তাগণ নিজ নিজ কর্মস্থলে থেকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বন্দিদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করবেন।

৫) একান্ত অপরিহার্য ও অত্যন্ত জরুরী প্রয়োজন ব্যতীত কারারক্ষিসহ কর্মকর্তা/কর্মচারীবৃন্দের সকল প্রকার ছুটি (নৈমিত্তিক/অর্জিত/অনুমতি ছুটি/বহিঃবাংলাদেশ ছুটি) নিরুৎসাহিত করা হলো।

৬) কারা কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ফেরত আল্লীয়-স্বজনকে কারা এলাকায় আসা থেকে বিরত রাখতে হবে।

৭) অপরিহার্য প্রয়োজন ব্যতীত কারা এলাকার বাহিরে গমনাগমন সর্বতোভাবে পরিহার করার জন্য বলা হলো।

৮) সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে সাক্ষ্যকালীন রোলকল পরিচালনা করার নির্দেশ দেয়া হলো।

৯) যেসকল কারাগারে উৎপাদন বিভাগে মাস্ক উৎপাদন করা সম্ভব, তাদেরকে পর্যাপ্ত মাস্ক উৎপাদনকরে প্রয়োজনীয় কাজে (নিরাপত্তা বজায় রেখে) লাগানোর পরামর্শ দেয়া হলো। অতিরিক্ত মাস্ক কারা ক্যান্টিনে বিক্রয় করার অনুমতি দেয়া হলো।

১০) যেসকল কারাগারে সঠিক সময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য ফিঞ্জার প্রিন্ট স্ক্যানার ব্যবহার করা হচ্ছে, তাদেরকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার ব্যবহার স্থগিত রাখার জন্য নির্দেশ দেয়া হলো।

১১) কারা প্রশাসন করোনা ভাইরাস বিষয়ে আতংক ও গুজব বিস্তাররোধে সক্রিয় ভূমিকা পালন করবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উহা বলবৎ থাকবে।


২২/০৩/২০২০

মোঃ আবরার হোসেন

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addl.ig@prison.gov.bd

কার্যার্থে বিতরণঃ

১. কারা উপ মহাপরিদর্শক

সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২. সিনিয়র জেল সুপার/জেল সুপার

সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

উল্লিখিত নির্দেশনাটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থেঃ)

সচিব

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।